

একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

তদন্ত ও শৃঙ্খলা শাখা

www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.২৭.০০৬.১৭-৬০

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৪
২৫ ফেব্রুয়ারি ২০১৮

আদেশ

যেহেতু, জনাব মো: নজরুল ইসলাম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল)বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তাকে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল)বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) মোতাবেক ০১টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত দন্ড প্রদান করা হয়;

যেহেতু, তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব মহোদয় বরাবর আপিল আবেদন করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করলে তার আপিল শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত বক্তব্য ও তথ্য প্রমাণাদি পর্যালোচনায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ৩০/০৭/২০১৭ তারিখের ৩৮.১০৫,০২৭.০৪. ০১.০৩৮.২০১৪-৩০২ নম্বর প্রজ্ঞাপনে তার উপর আরোপিত ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত আদেশের পরিবর্তে ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মো: নজরুল ইসলাম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া-এর ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত আদেশের পরিবর্তে ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো।


২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-
২৫.০২.১৮
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.২৭.০০৬.১৭-৬০

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৪
২৫ ফেব্রুয়ারি ২০১৮

- ০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। জেলা প্রাথমিক অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৭। উপজেলা শিক্ষা অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৮। উপজেলা হিসারক্ষণ কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৯। জনাব মো: নজরুল ইসলাম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
- ১০। অফিস কপি।



(সুলতানা রাজিয়া)

উপ-সচিব

ফোন-৯৫৭৬৬৯১